

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)
২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা-১২০৮
www.bnfe.gov.bd

নং-৩৮.৩৯৯.০১১.০০.০০১.২০১৪- ৪৬১

তারিখ: ১৭ আশ্বিন ১৪২৩
০২ অক্টোবর ২০১৬

পুনঃনিয়োগ বিজ্ঞপ্তি

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের নিয়ন্ত্রণাধীন উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর আওতায় মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা) এর নিম্নবর্ণিত শূন্য পদসমূহে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে কেবলমাত্র প্রকল্প মেয়াদের জন্য সরকারী বিধি মোতাবেক সাকুল্য বেতনে (Consolidated Pay) নিয়োগ প্রদানের নিমিত্ত বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	সাকুল্য বেতন	যোগ্যতা ও অভিজ্ঞতার বিবরণ
উপজেলা প্রোগ্রাম অফিসার	১৩৭	২৪৭০০/-	<ul style="list-style-type: none">যে কোন বিষয়ে মাস্টার ডিগ্রী।কম্পিউটারে দক্ষতাসম্পন্ন হতে হবে (MS Office & Internet Operations)।উপানুষ্ঠানিক শিক্ষা কর্মসূচিতে কাজের অভিজ্ঞতা অতিরিক্ত যোগ্যতা হিসেবে বিবেচিত হবে।

শর্তাবলী:

- ২৫ অক্টোবর ২০১৬ তারিখে প্রার্থীর বয়স ১৮ হতে ৩০ (ত্রিশ) বছরের মধ্যে হতে হবে। বয়স প্রমানের জন্য এফিডেভিট গ্রহণযোগ্য হবে না;
- মুক্তিযোদ্ধা সন্তানদের ক্ষেত্রে বয়স সীমা ৩২ (বত্রিশ) বছর পর্যন্ত শিথিলযোগ্য। সেক্ষেত্রে আবেদনপত্রের সাথে যথাযথ সনদপত্র দাখিল করতে হবে।
- প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের নাগরিক হতে হবে। বাংলাদেশের নাগরিক নন এমন কারও সাথে বৈবাহিক সূত্রে আবদ্ধ হয়ে থাকলে কিংবা বিবাহের জন্য অঙ্গীকারবদ্ধ হয়ে থাকলে তিনি আবেদন করার যোগ্য হবেন না;
- সমাপ্ত প্রকল্পের জনবল অন্য প্রকল্পে নিয়োগের ক্ষেত্রে জনপ্রশাসন কর্তৃক জারীকৃত ১৬.০৬.২০০৩ তারিখে সম/সওব্য/৩-১(২)-১১/২০০৩-৭২ সংখ্যক স্মারক মোতাবেক প্রবেশ পদে নিয়োগের বয়সসীমা শিথিলযোগ্য;
- উপানুষ্ঠানিক শিক্ষা অধিদপ্তর/উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কর্তৃক ইতোপূর্বে বাস্তবায়িত বিভিন্ন প্রকল্পের অভিজ্ঞতা ও দক্ষতা সম্পন্ন কর্মচারীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য এবং নিয়োগদানের ক্ষেত্রে তাদেরকে অগ্রাধিকার প্রদান করা হতে পারে;
- প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা), উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ২৩২/১ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ বরাবর আবেদনপত্র আগামী ২৫ অক্টোবর ২০১৬ তারিখের মধ্যে পৌছাতে হবে;
- আবেদন পত্রের সাথে নিম্নোক্ত প্রমানপত্র সমূহ সংযুক্ত করতে হবে;
 - ক) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি ছবি;
 - খ) মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হিসেবে আবেদন পত্রের সাথে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধা পিতা/মাতার মুক্তিযোদ্ধার সার্টিফিকেট এর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত কপি;
 - গ) ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত শিক্ষাগত যোগ্যতার সকল মূল/সাময়িক সনদের কপি;
 - ঘ) উপজাতীয় প্রার্থীদের ক্ষেত্রে জেলা প্রশাসক কর্তৃক প্রদত্ত সনদ ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত;
 - ঙ) ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভা মেয়র/সিটি কর্পোরেশনের ওয়ার্ড কমিশনারের নিকট হতে নিজ জেলা উল্লেখসহ নাগরিকত্ব ও চারিত্রিক বৈশিষ্ট্যের সার্টিফিকেট।
- আবেদনপত্রের সাথে “প্রকল্প পরিচালক, মৌলিক সাক্ষরতা প্রকল্প (৬৪ জেলা)” এর অনুকূলে ৫০০(পাঁচশত) টাকার অফেরতযোগ্য ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে;
- নিয়োগের ক্ষেত্রে সরকারী বিধি-বিধান এবং কোটা পদ্ধতি অনুসরণ করে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা হবে;
- খামের উপর পদের নাম ও নিজ জেলার নাম উল্লেখ করতে হবে;
- চাকুরীরত প্রার্থীগণকে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। এ ক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না;
- অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ এবং একাধিক প্রার্থীর আবেদন পত্র একই খামের মধ্যে পাওয়া গেলে তা বাতিল বলে গণ্য হবে;
- দরখাস্তের সাথে দাখিলকৃত কোন কাগজপত্র ফেরত দেয়া হবে না;
- মৌখিক পরীক্ষার সময় প্রার্থীকে সকল সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে;
- আবেদনপত্রে কোনরূপ অসত্য বিবরণ/তথ্য পাওয়া গেলে আবেদনকারী চূড়ান্তভাবে মনোনীত হওয়া সত্ত্বেও আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে এবং ঐ প্রার্থীর বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;

